

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়  
খাগড়াছড়ি পার্বত্য জেলা।  
<http://food.khagrachhari.gov.bd>  
Web: [www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)



**আদেশ**

২০১৯-২০ ও ২০২০-২১ অর্থ বছরের জন্য খাগড়াছড়ি পার্বত্য জেলার এলএসডিসমূহে শ্রম ও হস্তার্পণ ঠিকাদার নিয়োগের জন্য দরপত্র আহ্বান করা হলে প্রাথমিক প্রক্রিয়া সম্পন্ন করে দরপত্র দাতাদের আর্থিক খাম খুলে দরপত্রদাতাদের দেয় দর প্রাক্কলিত দরের চেয়ে অস্বাভাবিক কম হওয়ায় উক্ত দর কার্য সম্পাদন উপযোগী নয় বিষয় দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক নিয়োগ কার্যক্রম বাতিল পূর্বক ২০১৯-২০ ও ২০২০-২১ অর্থ বছরের পরিবর্তে ২০২০-২১ ও ২০২১-২২ অর্থ বছরের জন্য নতুন ঠিকাদার নিয়োগ কার্যক্রম গ্রহণের সুপারিশ করা হয়। সে প্রেক্ষিতে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম এর কার্যালয়ের ১১/০৩/২০২০ খ্রি: তারিখের ১৪৩৭ নং স্মারকে দরপত্র মূল্যায়ন কমিটির সিদ্ধান্ত মোতাবেক পরবর্তী ০২ (দুই) অর্থ বছরের জন্য ঠিকাদার নিয়োগের নিমিত্ত অনুমোদন প্রদান করা হয়। ২০২২-২৩ ও ২০২৩-২৪ অর্থ বছরের জন্য শ্রম ও হস্তার্পণ ঠিকাদার নিয়োগের নিমিত্ত অত্র কার্যালয়ের ২৭/০৭/২০২২ খ্রি: তারিখের ১৪১১ নং স্মারকে জারীকৃত দরপত্র বিজ্ঞপ্তির প্রেক্ষিতে প্রাপ্ত দরপত্র মূল্যায়নের কাজ চলমান রয়েছে বিষয় নতুন ঠিকাদার নিয়োগে আরও সময়ের প্রয়োজন হবে।

খাগড়াছড়ি পার্বত্য জেলায় ২০১৭-১৮ ও ২০১৮-১৯ অর্থ বছরের জন্য নিয়োজিত জেলার এলএসডি সমূহের শ্রম ও হস্তার্পণ ঠিকাদারের চুক্তির বর্ধিত মেয়াদ ৩১/১২/২০২২ খ্রি: তারিখে শেষ হবে। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম এর কার্যালয়ের ২৮/১২/২০২২ খ্রি: তারিখের ৪৬৬৮ নং স্মারকে খাগড়াছড়ি পার্বত্য জেলার এলএসডি সমূহের শ্রম ও হস্তার্পণ ঠিকাদারী কাজের চুক্তির মেয়াদ ০১/০১/২০২৩ খ্রি: তারিখ হতে ৩১/০৩/২০২৩ খ্রি: তারিখ পর্যন্ত বৃদ্ধি করায় জেলার এলএসডি সমূহের খাদ্য শস্য বোঝাই/খালাস কার্যক্রম অব্যাহত রাখার স্বার্থে ২০১৭-১৮ ও ২০১৮-১৯ অর্থ বছরের জন্য নিয়োজিত খাগড়াছড়ি পার্বত্য জেলার এলএসডি সমূহের শ্রম ও হস্তার্পণ ঠিকাদারদের চুক্তির মেয়াদ সম্পাদিত চুক্তির একই দর ও শর্তে ০১/০১/২০২৩ খ্রি: তারিখ হতে ৩১/০৩/২০২৩ খ্রি: তারিখ পর্যন্ত ০৩ (তিন) মাস অথবা নতুন ঠিকাদার নিয়োগ/চুক্তিবদ্ধ না হওয়া পর্যন্ত (যা আগে ঘটে) সময়ের জন্য বর্ধিত করা হলো। উল্লেখ্য, শ্রমিকদের প্রাপ্য মজুরী নিশ্চিতকল্পে সংশ্লিষ্ট শ্রমিক (individual Labour) বরাবর মজুরি পরিশোধের যথাযথ প্রমাণকসহ বিল দাখিল করতে হবে।

খাগড়াছড়ি পার্বত্য জেলায় কর্মরত শ্রম ও হ্যান্ডলিং ঠিকাদারের সাথে সম্পাদিত চুক্তিপত্রের ০৩ নং ধারা অনুযায়ী বর্ধিত মেয়াদে শ্রম ও হস্তার্পণ কাজ অব্যাহত রাখতে সম্মত ঠিকাদারগণকে আগামী ০১/০১/২০২৩ খ্রি: তারিখের মধ্যে ৩০০/০০ (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে সম্মতিনামা নিম্নস্বাক্ষরকারীর বরাবরে দাখিল করতে হবে।

জেলা খাদ্য নিয়ন্ত্রক, খাগড়াছড়ি পার্বত্য জেলা ঠিকাদারদের বর্ধিত সময়ের শ্রম ও হস্তার্পণ বিল আহরন ও ব্যয়ন করবেন। এ সম্পর্কিত খরচাদি ২০২২-২৩ অর্থ বছরের বাজেট বরাদ্দের কোড নং ১৪৮০২০১/১২০০০২৬০৬/৩২৫৪১০৬ হতে মেটানো হবে।

(সুমাইয়া নাজনীন)

জেলা খাদ্য নিয়ন্ত্রক

খাগড়াছড়ি পার্বত্য জেলা।

ফোনঃ ০২৩৩৩৩৪৩৮৬০

e-mail: [dcf.kgr@dgfood.gov.bd](mailto:dcf.kgr@dgfood.gov.bd)

তারিখ: ২৯/১২/২০২২ খ্রি:

স্মারক নং ১৩.০১.৪৬০০.০০৬.৪৯.০১৬.২২- ২৬২৫

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হল:

- ০১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ০২। পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো/হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ০৩। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ০৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ০৫। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, খাদ্য ভবন, ঢাকা।
- ০৬। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ০৭। নির্বাহী প্রকৌশলী (স ও জ) সড়ক বিভাগ, খাগড়াছড়ি।
- ০৮। জেলা এ্যাকাউন্স এন্ড ফিন্যান্স অফিসার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ০৯। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল) ..... খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল) .....এলএসডি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
- ১১। মেসার্স/জনাব.....।  
শ্রম ও হস্তার্পণ ঠিকাদার, .....এলএসডি, খাগড়াছড়ি পার্বত্য জেলা  
ঠিকানা.....।
- ১২। অত্রাফিসের মজুদ ও চলাচল শাখা।
- ১৩। সংশ্লিষ্ট ঠিকাদার নথি।
- ১৪। অত্রাফিসের নোটিশ বোর্ড।
- ১৫। অফিস কপি।

জেলা খাদ্য নিয়ন্ত্রক